দৈনিক সংবাদ

তারিখ 11 APR 2003
পৃষ্ঠা ৭

সংবাদ

### রংপুর কমার্শিয়াল কলেজ

# অধ্যক্ষের অপসারণ দাবিতে ক্লাস বর্জন, বিক্ষোভ ॥ স্মারকলিপি পেশ

রংপুর থেকে জেলা বার্তা পরিবেশক : রংপুর সরকারি কমার্শিয়াল কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে তার অপসারণের দাবিতে ছাত্রছাত্রীরা মঙ্গলবার শহরে বিক্ষোভ মিছিল করে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছে। অন্যদিকে অধ্যক্ষের অপসারণের দাবিতে ওইদিন থেকেই অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে এগারটায় শহরের শালবন এলাকায় অবস্থিত রংপুর সরকারি কমার্শিয়াল কলেজের ছাত্রছাত্রীরা শহরের একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলকারীরা অধ্যক্ষের বিরুদ্ধে নানা ধরনের অভিযোগ উত্থাপন করে স্লোগান দেয়। দুপুর সোয়া বারটায় ছাত্রছাত্রীরা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে স্মারকলিপি প্রদান করে। এতে অভিযোগ করা হয় কলেজ অধ্যক্ষ ফজলে রাব্বি নানা অনিয়মের মাধ্যমে ছাত্রছাত্রীদের কাছে বিভিন্ন সময় টাকা আদায় করে আসছে। অতি সম্প্রতি পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া ছাড়াই ৪ জন পার্ট টাইম শিক্ষক নিয়োগ দিয়েছেন তিনি। এই শিক্ষক নিয়োগের ঘটনাকে কেন্দ্র করে কয়েকদিন ধরে কলেজে তীব্র উত্তেজনা বিরাজ করছিল। ছাত্রছাত্রীরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করায় মঙ্গলবার সেখানে কোন ক্লাস হয়নি।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সাংবাদিকদের জানান, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। মূলত প্রথম ও দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীদের ফরম পূরণের সময় কতিপয় ছাত্রনেতা ভ্রান্ত চাপ দিচ্ছিল টাকা মওকুফের জন্য। তাদের দাবি না মেনে নেয়ায় আমাকে হুমকি দেয়ার জন্য এ আন্দোলন বলে জানালেন তিনি।